

উপজেলা পরিষদ কার্যালয়  
গফরগাঁও, ময়মনসিংহ।

স্মারক নং- উ.প.কা/গফরগাঁও/২০২২-

তারিখঃ ০৬/০১/২০২২ খ্রিঃ।

নোটিশ

গফরগাঁও উপজেলা পরিষদের আইন-শৃঙ্খলা বিষয়ক উপজেলা কমিটির সদস্যগণকে জানানো যাচ্ছে যে, আগামী ১২/০১/২০২২খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকার নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।



(মোঃ আতাউর রহমান)

উপজেলা ভাইস চেয়ারম্যান

গফরগাঁও, ময়মনসিংহ।

- ১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ২। পুলিশ সুপার, ময়মনসিংহ।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৫। অফিসার ইনচার্জ, গফরগাঁও থানা, গফরগাঁও।
- ৬। উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৭। চেয়ারম্যান..... ইউনিয়ন পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তার কার্যালয়  
গফরগাঁও, ময়মনসিংহ।

আইন শৃঙ্খলা বিষয়ক উপজেলা কমিটির কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ আতাউর রহমান, উপজেলা ভাইস চেয়ারম্যান, গফরগাঁও, ময়মনসিংহ।

সভার স্থান : ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর অফিস কক্ষ।

সভার তারিখ : ১২/০১/২০২২ খ্রিঃ,

সময় : সকাল ১০.০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট-‘ক’

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর অফিসার ইনচার্জ, মডেল থানা, গফরগাঁও ও সদস্য সচিব কে গফরগাঁও উপজেলার আইন শৃঙ্খলার উপর বিস্তারিত তথ্য উপস্থাপন করেন।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত
১	<p>সভাপতি জানান যে, বাল্য বিবাহের প্রবণতা বাড়ছে। সকলের সহযোগিতায় আমাদের তা রুখে দাড়াতে হবে এবং বাল্য বিবাহ, নারী নির্যাতন, মাদক এবং স্কুল ড্রপ আউট রোধে ছেলে-মেয়েদের সচেতন করার জন্য সোশ্যাল এ্যাওয়ার্নেস এর মাধ্যমে ব্যাপক প্রচার প্রচারণা বৃদ্ধি করার জন্য তিনি সকলকে অনুরোধ জানান। সভাপতি আরও জানান সম্প্রতি হাইওয়ে রাস্তার উপরে গাড়ি আটকিয়ে মসজিদ ও মাদ্রাসার উন্নয়নের জন্য সাহায্য তুলে হচ্ছে। এতে করে মাদ্রাসার কোমলমতি ছাত্ররা বিভিন্ন সময়ে দুর্ঘটনায় পতিত হয়। তিনি এ পন্থাটি পরিহার পূর্বক অন্য কোন মাধ্যমে মসজিদ মাদ্রাসার জন্য টাকা উত্তোলন করার জন্য সকল মসজিদ ও মাদ্রাসার প্রধানগণকে আহ্বান জানান। গ) সভাপতি গফরগাঁও উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে সকলের সহযোগিতা কামনা করেন এবং প্রত্যেক শুক্রবার জুম্মার নামাযে খুৎবার পূর্বে সন্ত্রাস ও জঙ্গিবাদের কুফল এবং ইসলামে জঙ্গিবাদের কোন স্থান নেই এ বিষয়ে প্রত্যেক মসজিদে ইমামগণকে সক্রিয় ভাবে বক্তব্য প্রদানের জন্য অনুরোধ জানান। তাছাড়া উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও উপজেলা শিক্ষা অফিসারকে বাল্য বিবাহ প্রতিরোধ করার জন্য স্কুলে নজরদারী বৃদ্ধিসহ কোন ছাত্রী স্কুলে অনুপস্থিত থাকলে এ বিষয়ে খোঁজখবর রাখার জন্য নির্দেশনা প্রদান করেন।</p> <p>দেশের জনগণের জানমালের নিরাপত্তা, ধর্মীয় সৌহার্দ্য ও সম্প্রীতি বজায় রেখে সার্বিক শান্তি শৃঙ্খলা নিশ্চিত করার জন্য তিনি সভায় সকলের প্রতি সভাপতি আহ্বান জানান।</p>	<p>সভায় বিস্তারিত আলোচনাতে উপজেলার সার্বিক আইন শৃঙ্খলা উন্নতি করার জন্য সচেতনতা বৃদ্ধি করার উপর গুরুত্বারোপ করা হয়।</p> <p>গফরগাঁও উপজেলার কোথায় যাতে স্পর্শকাতর অপরাধ সমূহ সংঘটিত না হতে পারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে তা নিশ্চিত করতে হবে।</p>

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



( মোঃ আতাউর রহমান )

ভাইস চেয়ারম্যান


উপজেলা পরিষদ, গফরগাঁও।

তারিখঃ ১২/০১/২০২২ খ্রিঃ

স্মারক নং-আইন শৃঙ্খলা/গফরগাঁও/২০২২-

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ২। পুলিশ সুপার, ময়মনসিংহ।
- ৩। উপ-পরিচালক স্থানীয় সরকার, ময়মনসিংহ।
- ৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৬। অফিসার ইনচার্জ, গফরগাঁও থানা
- ৭। চেয়ারম্যান.....ইউপি, গফরগাঁও, ময়মনসিংহ।

  
উপজেলা আনসার ও ভিডিপি অফিসার  
গফরগাঁও, ময়মনসিংহ।